**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 31.08.2026** **Desk in Charge : SDG**

**Time: 1.30 PM** **Edit & Compile : Subhra C. / Shrejit M.**

**DEO: KB** **NRT : Subhra C.**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কিরগিজস্তান সফরের প্রথম দিনে বিশকেকে 'ফ্রেন্ডস অব ইন্ডিয়া'-র সদস্যদের সঙ্গে মতবিনিময় করেছেন। **#**আগামীকাল তিনি সাংহাই সহযোগিতা সংগঠন SCO-র ২৬-তম শিখর সম্মেলনে ভাষণ দেবেন।

২/ নেপালে আকস্মিক বন্যায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৯০৩ । **#**নিখোঁজ ৪ হাজারেরও বেশি।

৩/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, নতুন দিল্লিতে ‘ন্যাশনাল ইনস্টিটিউট অফ ফ্যাশন টেকনোলজি’-NIFT-র যৌথ সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিয়েছেন।

৪/ ভারতীয় নৌবাহিনী মুম্বাইয়ের নেভাল ডকইয়ার্ডে 'INS নিপুণ'-কে নৌবহরে অন্তর্ভুক্ত করেছে।

৫/ মার্কিন যুক্তরাষ্ট্র গতরাতে হরমুজ প্রণালীর লারক দ্বীপে হামলা চালিয়েছে । পাল্টা জবাবে পশ্চিম এশিয়ার বিভিন্ন মার্কিন ঘাঁটিতে আক্রমণ ইরানের।

৬/ ইউ এস ওপেন টেনিসে সার্বিয়ার নোভাক জোকোভিচ প্রথম রাউন্ডেই হেরে বিদায় নিয়েছেন।

*****************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর কিরগিজস্তান সফরের প্রথম দিনে আজ বিশকেকে 'ফ্রেন্ডস অব ইন্ডিয়া'-র সদস্যদের সঙ্গে মতবিনিময় করেছেন। এই অনুষ্ঠানে যোগব্যায়াম ও মানস অ্যাকাডেমি-সহ বিভিন্ন ক্ষেত্রে ভারতের সঙ্গে যুক্ত চারটি প্রতিনিধিদল উপস্থিত ছিল। এরপর প্রধানমন্ত্রী মোদী বিশকেকের মহাত্মা গান্ধী মেমোরিয়াল পার্কে অবস্থিত মহাত্মা গান্ধীর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। প্রধানমন্ত্রী আজ সাংহাই সহযোগিতা সংগঠন SCO-এর সদস্য রাশিয়া, ইরান, কিরগিজস্তান ও আর্মেনিয়ার রাষ্ট্রপ্রধানদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন।

কিরগিজস্তান সফরের দ্বিতীয় তথা শেষ দিনে আগামীকাল প্রধানমন্ত্রীর SCO-র ২৬তম শিখর সম্মেলনে ভাষণ দেওয়ার কথা রয়েছে ।

******************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল দুদিনের উজবেকিস্তান সফর সফলভাবে শেষ করেছেন। সফরকালে তিনি উজবেকিস্তানের প্রেসিডেন্ট শাভকাত মিরজিয়য়েভের সঙ্গে এক বৈঠকে দুই দেশের সম্পর্ককে 'সামগ্রিক কৌশলগত অংশীদারিত্ব'-এর পর্যায়ে উন্নীত করতে সম্মত হয়েছেন।

( বাইট- মোদী )

তার এই সফরে দুই দেশের মধ্যে ১১টি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এর পাশাপাশি, গুরুত্বপূর্ণ খনিজ ও ইউরেনিয়াম থেকে শুরু করে বাণিজ্য, প্রতিরক্ষা, ডিজিটাল পেমেন্ট ও শিক্ষা, সেই সঙ্গে খেলাধুলা ও ঐতিহ্য সংরক্ষণ এর বিষয়ে পারস্পরিক আদানপ্রদানে সম্মত হয়েছে দুই দেশ। ২০৩০ সালের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ বর্তমানের তুলনায় ৫ গুণ বাড়িয়ে ৫ বিলিয়ন দলারে উন্নীত করার লক্ষ্যমাত্রা নিয়েছে দুই দেশ।
উজবেকিস্তানের প্রেসিডেন্ট শাভকাত মিরজিয়য়েভ গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে সেদেশের সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মান 'অর্ডার অফ ওলিয়ি দারাজালি দোস্তলিক' প্রদান করেন। ভারত-উজবেকিস্তান সম্পর্ক এবং সহযোগিতা আরো মজবুত করতে তাঁর অবদানের স্বীকৃতিস্বরূপ এই সম্মান প্রদান করা হয়েছে।

( বাইট- শাভকাত মিরজিয়য়েভ )

****************************

নেপালে গত সপ্তাহের বিধ্বংসী বন্যা এবং কাদা জলের হড়পা বানে মৃতের সংখ্যা বের হয়েছে ৯০৩ নিখোঁজ আরো ৪২৪৭ জন মানুষ। নেপালের জাতীয় বিপর্যয় মোকাবিলা সংস্থা জানিয়েছে গত রবিবারের থেকে নিখোঁজের সংখ্যা ২হাজার ৫০২জন বেড়েছে। ছটিরও বেশি জলবিদ্যুৎ প্রকল্পে কমপক্ষে ৯৩৩ জন কর্মী আটকে রয়েছেন বলে মনে করা হচ্ছে। ভারত ও চীনের থেকে বিশেষজ্ঞ উদ্ধারকারীরা সুড়ঙ্গে আটকে পড়া মানুষের সঙ্গে যোগাযোগ স্থাপনের চেষ্টা করলেও, এখনও পর্যন্ত তা সফল হয়নি। ঝিলিমি এবং লাংটং এ নেপালি সেনার সঙ্গে একযোগে উদ্ধার কাজ চালাচ্ছে, ভারতীয় সুড়ঙ্গ উদ্ধারকারী দল। তিব্বত থেকে পাওয়া খবরে জানা গেছে, এপর্যন্ত সেখানে ১৬ জনের মৃত্যু হয়েছে। ৫৪৬ জন নিখোঁজ। নেপালে ক্ষতিগ্রস্ত ৮-টি জেলা থেকে চলছে দেহ উদ্ধারের মাটি খোঁড়ার যন্ত্র এবং সরঞ্জাম সহ সেনারা সারারাত ধরে ধ্বংসস্তূপ সরানোর কাজ চালাচ্ছে। নেপালি সেনার মুখপাত্র রাজা রাম জানিয়েছেন, কাদা ধস জমে সুরঙ্গের ভেতরে ঢোকার পথ প্রায় বন্ধ হয়ে গেছে।

নেপালের প্রধানমন্ত্রী বলেন্দ্র শাহ এই বন্যাকে অভূতপূর্ব এবং অত্যন্ত ধ্বংসাত্মক প্রাকৃতিক বিপর্যয় বলে বর্ণনা করেছেন। উদ্ধার কাজে প্রায় ২১ হাজার নিরাপত্তা কর্মীকে কাজে লাগানো হয়েছে। রেডক্রসের হিসেব অনুযায়ী ৯০ হাজারেরও বেশি মানুষ এই প্রাকৃতিক বিপর্যয়ের ফলে ক্ষতিগ্রস্ত। নেপাল কর্তৃপক্ষ নিরন্তর দেহ উদ্ধার এবং সনাক্তকরণের কাজ চালিয়ে যাচ্ছে।

ত্রিশূলী নদীতে গতকাল নতুন করে হওয়া বন্যায় একটি ঝুলন্ত ব্রীজ ভেসে গেছে। এটি গন্ডকী রুরাল মিউনিসিপ্যালিটি এইট এলাকার ঘায়াল চকের সঙ্গে চারাউদি যোগাযোগ রক্ষা করতো। গতকাল বেলা সাড়ে ১১-টা নাগাদ হঠাৎ-ই ওই নদীতে তিন ঘণ্টা ব্যাপী চলা বন্যায় সেতু সহ আশপাশ এলাকা ভেসে যায়।

অন্যদিকে, ভোতে কোশী নদীতে নতুন করে বন্যার সতর্কতা জারি করেছে নেপাল। রসুয়া, নুয়োকোট ও ধাতিম জেলাতে নদী তীরবর্তী মানুষজনকে জলস্তর বাড়ার আশঙ্কায় সতর্ক থাকতে বলা হয়েছে।

এদিকে, নেপালে ভয়াবহ বন্যা এবং নদী অববাহিকা অঞ্চলে প্রবল বর্ষণের জেরে বিহারে গন্ডক ও কোশী নদীর জলস্তর বাড়ছে। আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন,

নদীগুলিতে বন্যার সম্ভাবনা রুখতে বাল্মীকিনগর ব্যারেজের ৩৬-টি এবং কোশী ব্যারেজের ২০-টি গেট খুলে দেওয়া হয়েছে। এরফলে গত ২৪ ঘণ্টায় জলস্তর কিছুটা নেমেছে। সোশ্যাল মিডিয়ায় ভূয়ো খবর ছড়িয়ে পড়ার পর, সৌকল জেলা প্রশাসন জানিয়েছে, কোশী নদীর জলস্তর স্বাভাবিক সীমা পর্যন্ত বেড়েছে এবং কোশী ব্যারেজও সম্পূর্ণ সুরক্ষিত রয়েছে। পরিস্থিতির ওপর সর্বক্ষণ নজর রাখা হচ্ছে। নদীগুলিতে জলস্তর বাড়ার সম্ভাবনার প্রেক্ষিতে পূর্ব ও পশ্চিম চম্পারণ, সারণ এবং গোপালগঞ্জ জেলাকে সতর্ক করা হয়েছে।

******************************

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে অবস্থানরত নিম্নচাপের প্রভাবে আজও ওড়িশায় বেশ কিছু এলাকায় ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করেছে ভারতীয় আবহাওয়ার দপ্তর। রাজ্যের বিচ্ছিন্ন কিছু এলাকায় অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। এরমধ্যে বারগড় জেলার জন্য লাল সতর্কতা এবং পশ্চিম ওড়িশার বেশ কয়েকটি জেলার জন্য কমলা সতর্কতা জারি করা হয়েছে। কেন্দ্রপড়া, ভদ্রক ও জাজপুরের কিছু এলাকা সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ হয়। নতুন করে এই বৃষ্টির পূর্বাভাস সেই জায়গাগুলিতে আবার বন্যার আশঙ্কা তৈরি করেছে।

******************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে ন্যাশনাল ইনস্টিটিউট অফ ফ্যাশন টেকনোলজি-NIFT-র যৌথ সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেন। রাষ্ট্রপতি বলেন, এই প্রতিষ্ঠানের পড়ুয়ারা দেশে এবং বিদেশে বহু উল্লেখযোগ্য কাজ করেছেন।

( বাইট- রাষ্ট্রপতি)

সারা দেশের ১৮ টি NIFT ক্যাম্পাসের স্নাতক শিক্ষার্থীদের হাতে ডিগ্রীর শংসাপত্র তুলে দেবেন। অনুষ্ঠানে কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী গিরিরাজ সিং-ও উপস্থিত আছেন।

১৯৮৬ সালে বস্ত্র মন্ত্রকের অধীনে প্রতিষ্ঠিত NIFT একটি বিধিবদ্ধ প্রতিষ্ঠান। সময়ের সঙ্গে সঙ্গে এটি ফ্যাশন শিক্ষার ক্ষেত্রে একটি শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করেছে, যেখানে ঐতিহ্যবাহী শিল্প ও কারুশিল্প, প্রাতিষ্ঠানিক জ্ঞান, নকশা উদ্ভাবন,

প্রযুক্তি, সৃজনশীল চিন্তাভাবনা এবং শিল্পক্ষেত্রের সঙ্গে সম্পৃক্ততার এক অপূর্ব সমন্বয় ঘটেছে।

***************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দেশের প্রাক্তন রাষ্ট্রপতি - ভারতরত্ন ড. প্রণব মুখোপাধ্যায়ের প্রয়াণ দিবসে তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছেন। সমাজমাধ্যমের এক বার্তায় শ্রী শাহ বলেন, প্রাক্তন রাষ্ট্রপতি অত্যন্ত দক্ষ প্রশাসক ও পন্ডিত ব্যক্তি ছিলেন। দীর্ঘ রাজনৈতিক জীবনে দেশের সাংবিধানিক মূলবোধের প্রতি সুদৃঢ় অঙ্গীকার বজায় রেখেছিলেন তিনি। তাঁর এই অবদান নতুন প্রজন্মের রাজনৈতিক নেতাদের জন্য অনুপ্রেরণা হয়ে থাকবে বলেও মন্তব্য করেন স্বরাষ্ট্রমন্ত্রী।

***************************

ভারতীয় নৌবাহিনী আজ মুম্বাইয়ের নেভাল ডকইয়ার্ডে 'নিস্তার'-শ্রেণির দ্বিতীয় ডাইভিং সাপোর্ট ভেসেল (ডিএসভি) 'INS নিপুণ'-কে নৌবহরে অন্তর্ভুক্ত করেছে। কমিশনিং অনুষ্ঠানে নৌসেনা প্রধান অ্যাডমিরাল কৃষ্ণ স্বামীনাথন বলেন, কৌশলগত পরিবর্তনের সময়ে সমুদ্রের গভীরে অভিযানের জন্য প্রয়োজনীয় সক্ষমতা বাড়াতে 'নিপুণ' নৌবাহিনীর একটি শক্তিশালী সংযোজন হতে চলেছে। বিশাখাপত্তনমের হিন্দুস্তান শিপইয়ার্ড লিমিটেড-এর সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে নির্মিত 'INS নিপুণ' মূলত বিস্তৃত পরিসরে জলের তলায় অভিযান চালানোর উদ্দেশ্যে গঠিত একটি বিশেষ প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে ।

***************************

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন, করোনা মহামারী পরবর্তী বছরগুলোর মতো ২০২৬-২৭ অর্থবর্শেও দেশের অর্থনইতিক বৃদ্ধির হার ৭ শতাংশ না তার বেশি থাকবে বলে আশা করা হচ্ছে। মার্কিন যুক্তরাষ্ট্র সফরকালে শিকাগোতে প্রবাসই ভারতীয়দের উদ্দ্যেশে দেওয়া এক ভাষণে তিনি বলেন, মার্কিন যুক্তরাষ্ট্র-ইরান সংঘাত এবং হরমুজ প্রণালী বন্ধ হয়ে যাওয়ায় ফলে সরবরাহ ব্যবস্থা বাধাপ্রাপ্ত হয়েছে। সেই বাধা অতিক্রম করে অর্থনৈতিক বৃদ্ধির গতি বজায় রাখবে ভারত। তিনি আরো বলেন, মধ্যপ্রাচ্যে সংঘাতের শুরুতে দেশে অপরিশোধিত তেল এবং সারের মতো

গুরুত্বপূর্ণ পণ্যের সরবরাহে প্রভাব ফেলেছিল। আন্তর্জাতিক বাজারে সারের দাম উল্লেখযোগ্যভাবে বাড়লেও, সরকার ভর্তুকি দিয়ে কৃষকদের জন্য সারের দাম অপরিবর্তিত রেখেছে।

এদিকে, শ্রীমতী সীতারামন জি টোয়েন্টি ও সংশ্লিষ্ট বিষয় সমূহের বৈঠকে যোগ দিতে দক্ষিণ ক্যারোলিনা পৌঁছেছেন। আজ ও আগামীকাল অ্যাশভিলে জি টোয়েন্টি ও অন্য বৈঠকের কর্মসূচি রয়েছে। এরআগে, শ্রীমতী সীতারামন শিকাগোয় বসবাস রত প্রবাসী ভারতীয়দের মার্কিন যুক্তরাষ্ট্র সফরকালে শিকাগোতে প্রবাসী ভারতীয়দের উদ্দেশে দেওয়া এক ভাষণে তিনি বলেন, করোনা মহামারী পরবর্তী বছরগুলোর মতো ২০২৬-২৭ অর্থবর্ষেও দেশের অর্থনৈতিক বৃদ্ধির হার ৭ শতাংশ বা তার বেশি থাকবে বলে আশা করা হচ্ছে।

**************************

মার্কিন যুক্তরাষ্ট্র গতরাতে হরমুজ প্রণালীর লারক দ্বীপে ইরানি সামরিক লক্ষ্যবস্তুতে হামলা চালিয়েছে। মার্কিন বাহিনী জানিয়েছে, ইরানের ইসলামি রেভোলিউশনারি গার্ড কর্পসের সেনারা হরমুজ প্রণালীতে সামুদ্রিক মাইনবাহী রকেট উৎক্ষেপণের প্রস্তুতি নিচ্ছিল। এরপরই তারা লারক দ্বীপের দু'টি ইরানি লঞ্চারকে লক্ষ্যবস্তু করে। এই হামলায় বেশ কয়েকজন ইরানি কর্মী ও অসামরিক নাগরিক নিহত ও আহত হয়েছেন।
ইরান এই মার্কিন হামলার জবাবে জর্ডানের মার্কিন ঘাঁটিতে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। ইরানি সংবাদমাধ্যমের খবরে বলা হয়, ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ব্যবহার করে IRGC জর্ডানের কিং হুসেইন ও আল আজরাক মার্কিন ঘাঁটিতে হামলা চালিয়েছে। এই ঘটনার মধ্য দিয়ে দু'দেশের উত্তেজনায় বড় ধরনের বৃদ্ধি ঘটল, যা জুন মাস থেকে তুলনামূলকভাবে শান্ত ছিল।

****************************

ইউ এস ওপেন টেনিসে সার্বিয়ার নোভাক জোকোভিচ প্রথম রাউন্ডেই হেরে বিদায় নিয়েছেন। ২৫-তম খেতাব জয়ের লক্ষ্যে নেমে নোভাক, নিউইয়র্কের আর্থার অ্যাশ স্টেডিয়ামে প্রথম রাউন্ডের ম্যাচে আর্জেন্টিনার মারিয়ানো নাভনের কাছে ৭-৬(৫), ৫-৭, ৪-৬, ৬-২, ৬-১ এ হেরে যান। গ্র্যান্ড স্লামের ইতিহাসে অন্যতম নাটকীয় এই ম্যাচে, ৩৯

বছর বয়সী তীব্র গরম, অসুস্থতা এবং ক্লান্তির সঙ্গে যুদ্ধ করে, আর্জেন্টিনা খেলোয়াড়ের কাছে পঞ্চম সেটের পরাজিত হওয়ার পর কান্নায় ভেঙে পড়েন।

*************************************************************************